



বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন
সোনারগাঁও, নারায়ণগঞ্জ
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
www.sonargaonmuseum.gov.bd

নং : ৪৩.২৮.০০০০.১১১.১২০.২২.৩৪৯

তারিখ : ২২ জানুয়ারি ২০২২ খ্রি :

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশনের সাংগঠনিক কাঠামোভুক্ত রাজস্ব খাতে নিম্নবর্ণিত পদসমূহ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্ত প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে Online-এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্র.নং	পদের নাম/বেতনক্রম	পদের সংখ্যা	প্রয়োজনীয় যোগ্যতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না
১.	সহকারী লাইব্রেরিয়ান-কাম-ক্যাটালগার (গ্রেড-১১) ১২,৫০০-৩০,২৩০/-	০১ (এক) টি	প্রশ্নাগার বিজ্ঞানে ন্যূনতম স্নাতক ডিগ্রিধারী হতে হবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে।	পাবনা, মাগুরা, সিরাজগঞ্জ, টাঙ্গাইল, নারায়ণগঞ্জ, চুয়াডাঙ্গা, ঢাকা, মুন্সিগঞ্জ, কুমিল্লা, ঠাকুরগাঁও ও ফরিদপুর।
২.	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬) ৯,৩০০-২২,৪৯০/-	০১ (এক) টি	কোন স্বীকৃত বোর্ড হইতে ন্যূনতম এইচএসসি পাস। কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন গতি নিম্নরূপ হইবে: (১) বাংলা : প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ (২) ইংরেজি : প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ	তবে শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
৩.	মিউজিয়াম এটেনডেন্ট (গ্রেড-১৯) ৮,৫০০-২০,৫৭০/-	০১ (এক) টি	অষ্টম শ্রেণি পাস	নারায়ণগঞ্জ, মানিকগঞ্জ, কুমিল্লা, নরসিংদী, নেত্রকোনা, জামালপুর, ব্রাহ্মণবাড়িয়া, রাজশাহী, পিরোজপুর, ময়মনসিংহ, গাজীপুর, নীলফামারী, রংপুর, ঝিনাইদহ, ঠাকুরগাঁও, নাটোর, রাঙ্গামাটি
৪.	গার্ড (গ্রেড-২০) ৮,২৫০-২০,০১০/-	০২ (দুই) টি	৮ম শ্রেণি পাস, সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা এবং শারীরিক যোগ্যতা থাকতে হবে।	তবে শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

২. Online-এ আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে প্রয়োজনীয় তথ্যাবলি নিম্নরূপ :
- ক) নিয়োগ বিজ্ঞপ্তি এবং আবেদন সংক্রান্ত নিয়মাবলি www.sonargaonmuseum.gov.bd এবং <http://bfacf.teletalk.com.bd> এ পাওয়া যাবে।
- খ) Online-এ আবেদনের শেষ তারিখ আগামী ১৩ ফেব্রুয়ারি ২০২২ তারিখ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত।
- গ) প্রার্থীর বয়সসীমা ১৮ থেকে ৩০ বছর (২৭ জানুয়ারি ২০২২ তারিখে সর্বনিম্ন ১৮ বছর এবং সর্বোচ্চ ৩০ বছর)। তবে মুক্তিযোদ্ধা বা শহীদ মুক্তিযোদ্ধাগণের পুত্র বা কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীর ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩২ (বত্রিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- ঘ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকুরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এ ই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি / ছাড়পত্রের মূল কপি জমা দিতে হবে।
- ঙ) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তী এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।
- চ) লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ছ) মৌখিক পরীক্ষার সময় জাতীয় পরিচয়পত্রসহ সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form সহ সত্যায়িত এক সেট ফটোকপি দাখিল করতে হবে। এ ছাড়া জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং আবেদনকারী মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হলে অথবা আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা, এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাপত্র যোগ্যতার বিষয়টিও উল্লেখ করতে হবে।
- জ) কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
- ঝ) নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

ড. আহমেদ উল্লাহ
পরিচালক (উপসচিব)